

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৩৩

১/ বিবিধ

আরবী

سارعوا إلى تعليم العلم والسنة والقرآن، واقتبسوهن من صادق، من قبل أن يخرج أقوام في أمتي من بعدي يدعونكم إلى تأسيس البدعة والضلالة، فوالذي نفسي بيده لباب من العلم من صادق خير لكم من الذهب والفضة تنفقونها في سبيل الله تعالى بغير هدى من الله، من مشى في تعليم العلم والسنة والقرآن فعمل بما أمر الله وسن رسول الله صلى الله عليه وسلم، فإذا عمل بذلك فله بكل خطوة يخطوها حسنة، وتحط عنه سيئة، وترفع له درجة في الجنة

موضوع

رواه الخطيب في " تلخيص المتشابه " (2 / 51 / 2) عن محمد بن عبدة المروزي: حدثنا حسان بن إبراهيم: حدثنا سعيد بن مسروق الثوري: حدثنا يزيد بن حيان: حدثنا زيد بن أرقم قال: سمعت علي بن أبي طالب يقول: فذكره مرفوعا. قلت: وهذا حديث موضوع، ولوائح الوضع عليه ظاهرة، وآفته محمد بن عبدة المروزي. قال الذهبي: " قال ابن ماكولا: صاحب مناكير ". وأورد قبله محمد بن عبدة عن (بياض في الأصل) وضع أحاديث، قاله أبو سعيد النقاش ". قال الحافظ في " اللسان ": " وأنا أظنه الذي بعده

قلت: يعني المروزي المذكور. والحديث أورده السيوطي في " الجامع الصغير " و" الكبير " من رواية الرافعي في " تاريخه " عن جابر بلفظ: " سارعوا في طلب العلم، فالحديث من صادق خير من الدنيا وما عليها من ذهب وفضة ". قلت: وسكت عليه

المناوي

বাংলা

৯৩৩। তোমরা অর্জিত জ্ঞান, সুন্নাহ ও কুরআন শিক্ষা দানে অগ্রণী হও। আমার উম্মাতের মধ্যে আমার পরে কতিপয় সম্প্রদায় তোমাদেরকে বিদ'আত প্রতিষ্ঠা ও ভ্রষ্টতার দিকে আহ্বান করবে, তারা বের হবার পূর্বেই সে সব জ্ঞানগুলো সত্যবাদী হতে তোমরা তালাশ করো। সেই সত্ত্বার কসম যার হাতে আমার আত্মা অবশ্যই সত্যবাদী হতে জ্ঞান অর্জন করার একটি দরযা আছে তা তোমাদের জন্য অতি উত্তম সেই স্বর্ণ ও রৌপ্যের চেয়ে যা তোমরা আল্লাহর নিকট হতে হেদায়েত প্রাপ্ত না হয়ে আল্লাহর পথে খরচ কর। যে ব্যক্তি জ্ঞান, সুন্নাহ ও কুরআন শিক্ষা দানের জন্য চলা শুরু করবে অতঃপর আল্লাহর নির্দেশ ও রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাহানুযায়ী আমল করবে, যখনই সে তার উপর আমল করবে তখনই তার প্রত্যেক কদমের বিনিময়ে একটি করে হাসানাহ অর্জিত হবে। আর একটি করে গুনাহ ঝরে যাবে। আর তার জন্য জান্নাতে একটি করে মর্যাদা বৃদ্ধি পাবে।

হাদীছটি জাল।

এটি আল-খাতীব "তালখীসুল মুতাশাবিহ" (২/৫১/২) গ্রন্থে মুহাম্মাদ ইবনু আবীদাহ আল-মারওয়ায়ী হতে তিনি হাসসান ইবনু ইবরাহীম হতে তিনি সাঈদ ইবনু মাসরুক হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীছটি বানোয়াট। বানোয়াট হওয়ার প্রমাণ তাতে সুস্পষ্ট। তার সমস্যা হচ্ছে মুহাম্মাদ ইবনু আবীদাহ। হাফিয যাহাবী বলেনঃ ইবনু মাকুলা বলেছেনঃ তিনি বহু মুনকারের অধিকারী। তিনি (যাহাবী) তার পূর্বে উল্লেখ করেছেন, মুহাম্মাদ ইবনু আবীদাহ কতিপয় হাদীছ বানিয়েছেন। এ কথাটি সাঈদ আন-নাক্বাশ বলেছেন।

হাদীছটি সুযুতী "আল-জামেউস সাগীর" ও "আল-কাবীর" গ্রন্থে রাফেঈর বর্ণনা হতে ভিন্ন ভাষায় উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71812>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন